

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.০০১.১৮-৩০৪

তারিখঃ ০৯ আগস্ট, ২০১৮

নিয়োগপত্র

নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এবং ০৬-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সভায় গৃহীত সুপারিশ অনুযায়ী "কম্পিউটার অপারেটর" পদে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নোক্ত ছকে বর্ণিত প্রার্থীগণকে নিম্ন শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১তম গ্রেডে (স্কেল ১২৫০০-৩০২৩০/-) গ্রাহ্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলোঃ

ক্রমিক নং	রোল নম্বর	নাম ও পিতার নাম	নিজ জেলা
১	২	৩	৪
১.	০০২০৯	মোঃ মইনুল ইসলাম পিতা- মোঃ ছিদ্দিকুর রহমান	কুমিল্লা
২.	০০২১৭	মোঃ মুজাহিদুর রহমান পিতা- মোঃ ইউনুছ আলী	বরিশাল
৩.	০০০২৫	মোঃ ইসমাইল হুসাইন পিতা- মোঃ আব্দুল কাদের	খুলনা


শর্তাবলীঃ

- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী হিসেবে গণ্য হবে;
- যোগদানের তারিখ হতে তাকে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। শিক্ষানবিসকালের এ মেয়াদ প্রয়োজনবোধে আরও ০১ (এক) বৎসর বর্ধিত করা যাবে;
- শিক্ষানবিসকালে তাঁর চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি পেতে চান তবে ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারবেন;
- তিনি যদি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হন তাহলে তাঁর এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- তাঁর চরিত্র ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Verification) সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- শারীরিক যোগ্যতার সমর্থনে সিভিল সার্জন প্রদত্ত সনদপত্র যোগদানের সময় অবশ্যই দাখিল করতে হবে। প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি চাকরি প্রতিপালনে প্রতিবন্ধক হিসেবে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে এই নিয়োগ আদেশ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;
- প্রার্থীর নিজ জেলা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও দাখিলকৃত অন্যান্য কাগজপত্র যাচাইয়াত্তে কোন ধরনের ভুল বা জালিয়াতি পরিলক্ষিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়সমূহ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- তাঁর এই নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে; এই নিয়োগ নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে বদলিযোগ্য হিসেবে স্বীকৃত;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতেঃ

১০. কাজে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডি,এ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।
১১. উল্লিখিত শর্তাবলী প্রার্থী কর্তৃক গৃহীত হলে শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জনের নিকট হতে সংগৃহীত স্বাস্থ্যগত সার্টিফিকেট ও সদ্যতোলা ০১ (এক) কপি রঙিন ছবিসহ আগামী ১৬-০৮-২০১৮ তারিখে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদানপত্র দাখিল করবেন। উক্ত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


(মোঃ সাবেদ উর রহমান)
উপসচিব(জঃব্যঃ) (চঃদাঃ)
ফোন-৫৫০০৭৫৩০

প্রাপকঃ জনাব

.....

.....


.....

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.০০১.১৮-৩০৪

তারিখঃ ০৯ আগস্ট, ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৩. যুগ্মসচিব,(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)।
৭. উপসচিব/পরিচালক,(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮. উপপ্রধান/সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,(সকল)।
১১. নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তা (সকল)।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন(৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....(সংশ্লিষ্ট)।
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫-১৮ মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সকল)।
২১. নির্বাচন কর্মকর্তা, (সকল)।
২২. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সংশ্লিষ্ট)।


নূর নাহার ইসলাম
সহকারী সচিব (জঃব্যঃ-২)